

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, তারিখ : ১১ সেপ্টেম্বর, ২০১৭।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : সহকারী পরিচালক-প্রশাসন এন্ড এসআর

বিষয় : শারদীয় দুর্গাপূজার এবং আশুরার ছুটি ও উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

শারদীয় দুর্গাপূজার আগাম শুভেচ্ছা জানবেন।

আপনাদের সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, ব্যবস্থাপনার সিদ্ধান্ত মোতাবেক হিন্দু কর্মীদের জন্য শারদীয় দুর্গাপূজার এবং সকল কর্মীর জন্য আশুরার ছুটি ঘোষণা করা হলো। নিম্নে ছুটির বিবরণ উল্লেখ করা হলো।

১. ছুটির বিবরণঃ

- ২৬, ২৭, ২৮ ও ২৯ সেপ্টেম্বর ২০১৭ বাইরের জেলা এবং ২৭, ২৮ ও ২৯ সেপ্টেম্বর ২০১৭ নিজ জেলার হিন্দুধর্মালম্বী কর্মীদের জন্য দুর্গাপূজার ছুটি থাকবে। বাইরের জেলার জন্য ২৬-২৮ এবং নিজ জেলার জন্য ২৬-২৭ তারিখ এর ছুটি বার্ষিক ছুটির সাথে সমন্বয় করা হবে।
- ৩০ সেপ্টেম্বর ২০১৭ শুভ বিজয়া দশমীর জন্য সংস্থার ছুটি থাকবে এবং সমিতির কার্যক্রম বন্ধ থাকবে।
- ১ অক্টোবর ২০১৭ পবিত্র আশুরার জন্য সংস্থার ছুটি থাকবে এবং সমিতির কার্যক্রম বন্ধ থাকবে। (সরকারি ঘোষণামতে এ ছুটি পরিবর্তন হতে পারে)।

২. ছুটিতে যাবার পূর্বে বার্ষিক ছুটি নথীকরণ ফরমে লিপিবদ্ধ করতে হবে তবে আবেদন পত্র পুরন করতে হবে না।

৩. উল্লেখ্য যে, সংস্থার কার্যক্রমের স্বার্থে সকল পর্যায়ের কর্মীদের ছুটি বাতিল ও পরিবর্তন করা হতে পারে। শাখা ব্যবস্থাপক থেকে সকল পর্যায়ের উর্ধ্বতন কর্মীগণ সার্বক্ষণিক মোবাইল চালু রাখতে হবে।

৪. সকল ই-মেইল ব্যবহারকারীগণ ছুটিকালীন সময়ে মেইল চেক করবেন।

৫. ১ অক্টোবর, ২০১৭ তারিখ সন্ধ্যা ৭ টার মধ্যে স্ব স্ব কর্মস্থলে উপস্থিত হতে হবে। তার পরে কোন কর্মী কর্মস্থলে উপস্থিত হলে, তার যোগদান হবে সংশ্লিষ্ট বিএমটিসি, সিএমটিসি কিংবা প্রকল্প কার্যালয়ে।

৬.

ক. উৎসবভাতা প্রদানের ক্ষেত্রে সকল নিয়মিত / চুক্তি ভিত্তিক হিন্দু ধর্মালম্বী কর্মীকে ২টি বেসিকের সমান উৎসব ভাতা প্রদান করতে হবে। শিক্ষানবীশ কর্মীদের ক্ষেত্রে বেসিককে ১৮০ দ্বারা ভাগ করে যে কয়দিন কাজ করেছেন সে কয়দিন দ্বারা গুন করে উৎসব ভাতা প্রদান করতে হবে, শেষ কর্মদিবস তারিখ হবে ৩০ সেপ্টেম্বর, ২০১৭ ধরতে হবে। যাদের বেতন এ বেসিক নেই তাঁদের মোট বেতনই উৎসব ভাতা হিসেবে প্রদান করতে হবে।

খ. সকল হিন্দু ধর্মালম্বী কর্মীদের উৎসব ভাতা ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রদান করতে হবে।

উপরোক্ত সার্কুলারে কোন অস্পষ্টতা থাকলে নিম্নস্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো।

এ ব্যাপারে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে



মৌসুমি কামাল আকন্দ

অনুলিপি : নির্বাহী পরিচালক পরিচালক সকল-উপ ও সহকারী পরিচালক অফিস কপি